উপজেলা পরিষদ
রাজবাড়ী সদর, রাজবাড়ী।

রাজবাড়ী সদর উপজেলা পরিষদের মে/২০২২ মাসে অনুষ্ঠিত (৩৫ তম) মাসিক সভার কার্যবিবরণী।

সভাপতি : জনাব মোঃ ইমদাদুল হক বিশ্বাস
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
রাজবাড়ী সদর, রাজবাড়ী।

তারিখ : ২৪/০৫/২০২২ খ্রিঃ, সময় : বেলা ১১.০০ ঘটিকা।

স্থান : উপজেলা পরিষদের সম্মেলন কক্ষ, রাজবাড়ী সদর, রাজবাড়ী।

সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা : পরিশিষ্ট "ক" দ্রষ্টব্য।

সভার প্রারম্ভে সভাপতি উপস্থিত সকল সম্মানিত সদস্যবৃন্দকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি রাজবাড়ী-১ আসনের মাননীয় জাতীয় সংসদ সদস্য, সাবেক শিক্ষা প্রতিমন্ত্রী জনাব আলহাজ্ব কাজী কেরামত আলী মহোদয় অদ্যকার সভায় উপস্থিত থাকায় আন্তরিক ধন্যবাদ ও কৃতজ্ঞতা জানান।

অতঃপর সভাপতির অনুমতিক্রমে উপজেলা নির্বাহী অফিসার, রাজবাড়ী সদর, রাজবাড়ী কর্তৃক উপজেলা পরিষদের সভার আলোচ্যসূচি মোতাবেক কার্যক্রম পরিচালনা করা হয়। উপজেলা নির্বাহী অফিসার জনাব মার্জিয়া সুলতানা বলেন যে, শত ব্যস্ততার মাঝেও রাজবাড়ী-১ আসনের মাননীয় জাতীয় সংসদ সদস্য, সাবেক শিক্ষা প্রতিমন্ত্রী জনাব আলহাজ্ব কাজী কেরামত আলী মহোদয় অদ্যকার সভায় উপস্থিত থাকায় আন্তরিক ধন্যবাদ ও কৃতজ্ঞতা জানান।

০২। বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন :

সভার শুরুতে বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হয় এবং কোন সংশোধনী না থাকায় উহা দৃঢ়ীকরণ করা হয়।

০৩। সভায় নিম্নরুপভাবে বিভাগওয়ারী আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয় :

| ক্রঃ নং | বিভাগের নাম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|
| ০১ | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা বিভাগ | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, রাজবাড়ী সদর, রাজবাড়ী সভায় বলেন যে, রাজবাড়ী সদর উপজেলা স্বাস্থ্য কেন্দ্রে মে/২২ মাস পর্যন্ত অ্যাস্ট্রেজেনিকা, ফাইজার ও সাইনোফার্ম ভ্যাকসিন ১ম ডোজ ৩০৫৪৬১ জন ও ২য় ডোজ ২৫২০১৩ জন ও বুষ্টার ডোজ ৪১৪০৬ জনকে টিকা প্রদান করা হয়েছে। জুন/২০২২ মাসের প্রথম সপ্তাহে ভিটামিন এ+ ক্যাম্পেইন হবে সকলের সহযোগিতা কামনা করেন। বিভাগীয় অন্যান্য কাজ স্বাভাবিকভাবে চলছে। | কার্যক্রম পরিচালনার ধারাবাহিকতা অব্যাহত রাখতে হবে। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, রাজবাড়ী সদর, রাজবাড়ী। |
| ০২ | উপজেলা কৃষি বিভাগ | উপজেলা কৃষি অফিসার, রাজবাড়ী সদর, রাজবাড়ী বলেন যে, খামারী যান্ত্রীকীকরণের মাধ্যমে কৃষি উৎপাদন বৃদ্ধি প্রকল্পের আওতায় ১২ সিডার, ০৩ টি বেড প্লান্টার, ০৫টি কম্বাইন্ড হারভেস্টার, ০৫ টি রিপার, ০১ টি রাইচ ট্রান্সপ্লান্টার বরাদ্দ পাওয়া যায় যা উপজেলার কৃষকদের মধ্যে বিতরণ করা হয়েছে। ৮০০ জন কৃষকের মাঝে সফলভাবে আউশ প্রণোদনার বীজ ও সার সফলভাবে বিতরণ করা হয়। এছাড়াও যাদের যে কৃষিযন্ত্রের চাহিদা রয়েছে তাদের আবেদনের পরিপ্রেক্ষিতে ৫০% ভর্তুকীমুল্যে কৃষিযন্ত্রপাতি পেতে পারে। এছাড়াও বিভাগীয় অন্যান্য কাজ স্বাভাবিক ভাবে চলছে। | কার্যক্রম পরিচালনার ধারাবাহিকতা অব্যাহত রাখতে হবে। | উপজেলা কৃষি অফিসার, রাজবাড়ী সদর, রাজবাড়ী |

| | | | | |
|---|---|---|---|---|
| ০৩ | উপজেলা প্রাণিসম্পদ বিভাগ | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, রাজবাড়ী সদর বলেন যে, আসন্ন কোরবানিতে ঢাকা সহ দেশের বিভিন্ন স্থানে পূর্ববর্তী সময়ের চেয়ে অধিক সংখ্যক পশু সরবরাহ করার লক্ষ্যে উপজেলা প্রাণিসম্পদ অফিস বেশ কিছু কার্যক্রম পরিচালনা করছে। যেমন, গবাদি পশু হৃষ্টপুষ্ট করণ খামারিদের প্রশিক্ষণ, ভিটামিন কৃমি নাশক সহ বিভিন্ন উপকরণ বিনামূল্যে সরবরাহ করণ, লাম্পি স্কিন ডিজিজ, ক্ষুরা রোগ নিয়ন্ত্রণে ভ্যাক্সিনেশন, সচেতনতা সভা, উঠান বৈঠক ইত্যাদি। এমনকি নিরাপদ ও স্বাস্থ্যসম্মত মাংস সরবরাহ নিশ্চিত করণে বড় বাজার, নতুন বাজার এবং শ্রীপুর এলাকার কসাই দের প্রশিক্ষণ দেয়া হয়েছে। এছাড়া এই বিষয়টি নিশ্চিত করতে মোবাইল কোর্ট পরিচালনা করার বিষয়ে উপজেলা নির্বাহী অফিসার মহোদয়ের সাথে কথা হয়েছে।<br>অনুমোদিত কোরবানির পশুর হাটে প্রতিবারের ন্যায় এবারও ভেটেরিনারি টিম কাজ করবে। এই টিমের সর্বোচ্চ ব্যবহার নিশ্চিতে হাট কমিটির সদিচ্ছা এবং সার্বিক সহযোগিতা প্রয়োজন। এবিষয়ে সম্মানী উপজেলা চেয়ারম্যান এবং উপজেলা নির্বাহী অফিসার মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করছি।<br>পশু খাদ্য হিসেবে ঘাস চাষ সম্প্রসারণের নানামুখী উদ্যোগ গ্রহণ করা হয়েছে। এবিষয়ে সচেতনতা সভা, উঠান বৈঠক প্রভৃতি কার্যক্রম হাতে নেয়া হয়েছে। এছাড়াও আগ্রহী খামারিদের স্থানীয় এবং ফরিদপুর ডেইরি খামার থেকে ঘাসের কাটিং সংগ্রহে সহায়তা করা হচ্ছে।<br>লাইফ সাইন্স ভেটেরিনারি ট্রেনিং ইন্সটিটিউট ০১ (এক) বছর মেয়াদী এনিম্যাল হেলথ এন্ড প্রডাকশন কোর্সে ভর্তি বিজ্ঞপ্তি নজরে এসেছে। বিজ্ঞপ্তি মোতাবেক উপজেলা ভেটেরিনারি হাসপাতালে ফিল্ড ট্রেনিং সুবিধা দেয়া হবে মর্মে উল্লেখ আছে।<br>এমতাবস্থায় উপজেলা ভেটেরিনারি হাসপাতালে ফিল্ড ট্রেনিং এর অনুমতি, ভেটেরিনারি বিষয়সমূহের প্রশিক্ষকের তালিকা এবং ভেটেরিনারি প্রশিক্ষণ দেয়ার অনুমোদন সংক্রান্ত প্রয়োজনীয় কাগজপত্র চেয়ে পরিচালক, লাইফ সাইন্স ভেটেরিনারি ট্রেনিং ইন্সটিটিউট বরাবর পত্র দেয়া হয়েছিল। তাদের জবাব পর্যালোচনা করে পরবর্তী করনীয় নির্ধারণ করার জন্য উপজেলা নির্বাহী অফিসার বরাবর পত্র দেয়া হয়েছে এবং সম্মানিত উপজেলা নির্বাহী অফিসার মহোদয় তাদেরকে প্রয়োজনীয় ডকুমেন্টস উপস্থাপন করার নির্দেশ দিয়েছেন। গতকাল ২৩ মে ২০২২ খ্রিঃ তারিখে পরিচালক বাংলাদেশ লাইফ সাইন্স এন্ড মেডিকেল টেকনোলজী ফাউন্ডেশন এর পরিচালক, উপজেলা ভেটেরিনারি হাসপাতালে ইন্টার্ণশীপ/ফিল্ড ট্রেইনিং সুবিধা কথাটি প্রত্যাহার এবং ক্ষমা প্রার্থনা করে চিঠি দিয়েছেন। এছাড়া বিভাগীয় অন্যান্য কাজ স্বাভাবিকভাবে চলছে। | কার্যক্রম পরিচালনার ধারাবাহিকতা অব্যাহত রাখতে হবে। | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, রাজবাড়ী সদর |
| ০৪ | উপজেলা মৎস্য বিভাগ | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, রাজবাড়ী সদর, রাজবাড়ী সভায় বলেন যে, মৎস্য সুরক্ষা ও সংরক্ষণ আইন-১৯৫০ অনুযায়ী প্রতি বছর ১ নভেম্বর হতে ৩০ জুন পর্যন্ত মোট ৮ মাস জাটকা আহরণ, পরিবহন, মজুদ ও বিপনন নিষিদ্ধ। এই নিষেধাজ্ঞার অংশ হিসেবে গত ১৪/০৫/২০২২ তারিখে মিজানপুর ইউনিয়নের জৌকুড়া নামক স্থানে একটি মোবাইল কোর্ট পরিচালনা করা হয় এবং একটি অবৈধ বাঁধ অপসারণ করা হয় যার ফলে অবৈধভাবে বাঁধ স্থাপনকারীর প্রায় দুই লক্ষ টাকার ক্ষতিসাধন হয়েছে। একই সাথে অবৈধ জাল ব্যবহার করায় ২ জন জেলেকে ৬,০০০/- টাকা জরিমানা করা হয় এবং ১৫০০০ মিটার অবৈধ কাচকি জাল জব্দ করে পুড়িয়ে বিনষ্ট করা হয়। জৌকুড়াতে আরও বেশ কিছু অবৈধ বাঁধ রয়েছে। | কার্যক্রম পরিচালনার ধারাবাহিকতা অব্যাহত রাখতে হবে। | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, রাজবাড়ী সদর, রাজবাড়ী। |

| | | | | |
|---|---|---|---|---|
| | উপজেলা মৎস্য বিভাগ | সেগুলো অপসারণ করার জন্য আগামীতে আরও মোবাইল কোর্ট এবং অভিযান পরিচালনা করা হবে। অবৈধ বাঁধগুলো অপসারণের জন্য সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণকে অনুরোধ জানাচ্ছি।<br>জাটকা আহরণে বিরত থাকা জেলেদের জন্য দ্বিতীয় ধাপে ১৫০৩ টি মৎস্যজীবী পরিবারের জন্য ভিজিএফ সুষ্ঠুভাবে বিতরণ করায় সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণকে ধন্যবাদ জানাচ্ছি। আগামীতে প্রকৃত ইলিশ জেলেরা সকলেই যেন পরিপূর্ণ ভিজিএফ পায় সেটা নিশ্চিতকরণে সহযোগিতা করার জন্য সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণকে অনুরোধ জানাচ্ছি।<br>জেলেদের নিবন্ধন তালিকা হালনাগাদ করার জন্য ইতোমধ্যে সংশ্লিষ্ট সকল ইউনিয়নে তালিকা প্রেরণ করা হয়েছে। সেই তালিকাটি যাচাই বাছাই করে সংশ্লিষ্ট মেম্বার এবং চেয়ারম্যানগণের স্বাক্ষরসহ প্রকৃত জেলেদের তালিকা উপজেলা মৎস্য অফিসে প্রেরণের জন্য অনুরোধ করছি। এছাড়া প্রকৃত জেলে অথচ নিবন্ধিত হয় নাই এমন জেলেদের জন্য প্রাথমিক আবেদন পত্র ইতোমধ্যে সংশ্লিষ্ট সকল ইউনিয়নে প্রেরণ করা হয়েছে। এমতাবস্থায় নিবন্ধিত নয় অথচ প্রকৃত জেলে এমন ব্যক্তিদের ফরমটি পূরণ করে সংশ্লিষ্ট মেম্বার এবং ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানের প্রত্যয়নসহ উপজেলা মৎস্য অফিসে প্রেরণের জন্য অনুরোধ জানাচ্ছি।<br>মৎস্য খাদ্য লাইসেন্স ব্যতীত মাছের খাবার খুচরা বা পাইকারি বিক্রয়, আমদানি, রপ্তানি করা মৎস্য ও পশু খাদ্য আইন ২০১০ অনুযায়ী সম্পূর্ণ নিষিদ্ধ। এ মাসে তিনটি নতুন মৎস্য খাদ্য লাইসেন্স প্রদান করা হয়েছে যার মাধ্যমে ২০,৫০০/- সরকারের রাজস্ব আদায় হয়েছে। এ বছরে সর্বমোট মোট ১৫ টি মৎস্য খাদ্য লাইসেন্স প্রদান করা হয়েছে। এছাড়া মৎস্য বিভাগের অন্যান্য স্বাভাবিক কার্যক্রম চলমান রয়েছে। | | |
| ০৫ | উপজেলা প্রকৌশল বিভাগ | উপজেলা প্রকৌশলী, রাজবাড়ী সদর, রাজবাড়ী জানান যে, তার বিভাগীয় উন্নয়নমূলক প্রকল্পসমূহের কাজ যথাযথভাবে চলমান আছে। কোন সমস্যা নেই। | কার্যক্রম পরিচালনার ধারাবাহিকতা অব্যাহত রাখতে হবে। | উপজেলা প্রকৌশলী, রাজবাড়ী সদর |
| ০৬ | উপজেলা শিক্ষা বিভাগ | উপজেলা শিক্ষা অফিসার, রাজবাড়ী সদর, রাজবাড়ী সভায় বলেন, তার বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে। | কার্যক্রম পরিচালনার ধারাবাহিকতা অব্যাহত রাখতে হবে। | উপজেলা শিক্ষা অফিসার, রাজবাড়ী সদর |
| ০৭ | উপজেলা সমাজসেবা বিভাগ | উপজেলা সমাজসেবা কর্মকর্তা, রাজবাড়ী সদর, রাজবাড়ী বলেন যে, ২০২১-২২ অর্থ বছরের জানুয়ারি হতে মে/২০২২ মাসের বিভিন্ন ভাতার পে-রোল প্রেরণের কাজ চলমান রয়েছে। ৫০ টি প্রতিবন্ধী আইডি কার্ড প্রিন্ট ও বিতরণ করা হয়েছে। আরএসএস পুন:বিনিয়োগ করা হয়েছে ৫,৫০,০০০/- টাকা এবং আদায়কৃত ৯,৯২,৭৫০/- টাকা মাত্র। ২০২১-২০২২ অর্থ বছরের প্রতিবন্ধী ভাতা প্রদানের জন্য ৫৯৪ জন প্রতিবন্ধীকে নতুন ভাতার আওতাভুক্ত করার লক্ষ্যে ১৪টি ইউনিয়নে উন্মুক্ত পদ্ধতিতে যাচাই-বাছাই কার্যক্রম করা হয়েছে। প্রতিবন্ধী সনদ বিতরণে কর্মচারী সংকটে কিছুটা বিলম্ব হচ্ছে এ বিষয়ে সকলকে ধৈয্য ধারণের অনুরোধ জানান। এছাড়া অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | কার্যক্রম পরিচালনার ধারাবাহিকতা অব্যাহত রাখতে হবে। | উপজেলা সমাজসেবা কর্মকর্তা, রাজবাড়ী সদর, রাজবাড়ী। |
| ০৮ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন বিভাগ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, রাজবাড়ী সদর, রাজবাড়ী জানান যে, মুজিববর্ষে "বাংলাদেশে একজন মানুষও গৃহহীন থাকবে না" মাননীয় প্রধানমন্ত্রীর এ নির্দেশনা বাস্তবায়নের লক্ষ্যে রাজবাড়ী সদর উপজেলায় ভূমিহীন ও গৃহহীন পরিবারের জন্য ২য় পর্যায়ে বরাদ্দকৃত ৩০০ টি ঘরের মধ্যে ২৯২ টি গৃহ নির্মাণের কাজ সমাপ্ত হয়েছে। অবশিষ্ট ০৮ টি ঘরের নির্মাণ কাজ চলমান রয়েছে। ৩য় পর্যায়ে বরাদ্দকৃত ৭৫ টি ঘরের মধ্যে ৭৫ টি গৃহ নির্মাণের কাজ চলমান রয়েছে। ৪র্থ পর্যায়ে বরাদ্দকৃত ২৫ টি ঘরের বরাদ্দ পাওয়া গেছে। জমি নির্বাচনের কার্যক্রম চলমান। টিআর ও কাবিখা'র কাজ চলমান রয়েছে। এছাড়া বিভাগীয় অন্যান্য কাজ স্বাভাবিক ভাবে চলছে। | গৃহ নির্মাণের কাজের গুণগত মান বজায় রেখে দ্রুত গতিতে সম্পূর্ণ করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, রাজবাড়ী সদর, রাজবাড়ী |

| | | | | |
|---|---|---|---|---|
| ০৯ | উপজেলা খাদ্য বিভাগ | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, রাজবাড়ী সদর, রাজবাড়ী বলেন, বর্তমানে খাদ্য গুদামে ২১২৪ মেঃ টন চাউল ও ১৬৪ মে: টন গম মজুদ আছে। তিনি সভায় বাজার দর উপস্থাপন করেন। ভিজিডি, জিআর, ইপি-ওপি, খাদ্যবান্ধব কাবিখা ও শহর ওএমএস কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। এছাড়া বিভাগের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | কার্যক্রম পরিচালনার ধারাবাহিকতা অব্যাহত রাখতে হবে। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, রাজবাড়ী সদর, রাজবাড়ী। |
| ১০ | উপজেলা আনসার ও ভিডিপি বিভাগ | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, রাজবাড়ী সদর, রাজবাড়ী বলেন যে, তার বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | কার্যক্রম পরিচালনার ধারাবাহিকতা অব্যাহত রাখতে হবে। | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, রাজবাড়ী সদর, রাজবাড়ী। |
| ১১ | উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগ | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, রাজবাড়ী সদর, রাজবাড়ী বলেন যে, মে/২০২২ মাসে অত্র উপজেলায় মোট সক্ষম দম্পতি ৭২৯৫৮ জন, মোট গ্রহণকারী ৫৭৫৩১ জন, গ্রহনকারীর হার ৭৮.৮৫%, স্থায়ী পদ্ধতির পুরুষ ০২ জন, মহিলা ১২ জন। মোট স্থানী পদ্ধতি ১৪ জন। দীর্ঘ মেয়াদী পদ্ধতির মধ্যে ইনজেকশন ১৩০৪ জন, আইইউডি ১০৩ জন ও ইমপ্লান্ট ১৭৬ জন। আশ্রয়ন প্রকল্পে মে/২০২২ মাসে মোট সক্ষম দম্পতির সংখ্যা ২৯ জন। সর্বমোট গ্রহনকারী ২৬ জন। গ্রহনকারীর হার ৮৯.৬৫%। মা ও শিশু স্বাস্থ্য কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। এছাড়া দাপ্তরিক অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে। | কার্যক্রম পরিচালনার ধারাবাহিকতা অব্যাহত রাখতে হবে। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, রাজবাড়ী সদর, রাজবাড়ী। |
| ১২ | উপজেলা যুব উন্নয়ন বিভাগ | উপজেলা যুব উন্নয়ন অফিসার, রাজবাড়ী সদর সভায় জানান যে, ২০২১-২০২২ অর্থ বছরে ঋণ বিতরণ ০৯ জনকে ৪,২০,০০০/- টাকা, ক্রমপুঞ্জিত বিতরণ ১২০৫ জনকে ৪,৩৮,৯০,০০০/- টাকা। চলতি আদায়ের হার ৯৫%, কিস্তি খেলাপী ২,১৭,০০৮৭/- টাকা, ঋণ খেলাপী ৩,৯৬,৫০৭/- টাকা। চলতি অর্থ বছরে ১৪ ব্যাচে ৪২০ জনকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। পরিবার ভিত্তিক কর্মসূচীতে জুন/২২ মাসে বিতরণ ২০ জনকে ৩,২০,০০০/- টাকা ও আত্নকর্মী ৮৪ জন। এছাড়া বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে। | কার্যক্রম পরিচালনার ধারাবাহিকতা অব্যাহত রাখতে হবে। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, রাজবাড়ী সদর, রাজবাড়ী। |
| ১৩ | উপজেলা সমবায় বিভাগ | উপজেলা সমবায় কর্মকর্তা, রাজবাড়ী সদর, রাজবাড়ী সভায় জানান যে, মে/২০২২ মাসে রুপপুর আশ্রয়ন প্রকল্পের আদায়কৃত ঋণের পরিমাণ ৬,৫০০/- টাকা, সার্ভিস চার্জ আদায় ৫২০/- টাকা, দয়ালনগর নারী উন্নয়ন সমবায় সমিতি লিমিটেডের আদায়কৃত ঋণের পরিমাণ ৩,৩১,৬০০/- টাকা, সার্ভিস চার্জ আদায় ২৪,০০০/- টাকা এবং নাওডুবি নারী উন্নয়ন সমবায় সমিতি লিমিটেডের আদায়কৃত ঋণের পরিমাণ ২,২৬,৩০০/- টাকা, সার্ভিস চার্জ আদায় ২২,৪০০/- টাকা। এছাড়া বিভাগের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে। | কার্যক্রম পরিচালনার ধারাবাহিকতা অব্যাহত রাখতে হবে। | উপজেলা সমবায় কর্মকর্তা, রাজবাড়ী সদর, রাজবাড়ী। |
| ১৪ | উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগ | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, রাজবাড়ী সদর, রাজবাড়ী সভায় জানান যে, আগামী ২ জুন থেকে ১৬ জুন পর্যন্ত অর্ধবার্ষিকী পরীক্ষা চলবে। ১৯ জুন থেকে এস.এস.সি ও দাখিল পরীক্ষা শুরু হবে। অর্ধবার্ষিক পরীক্ষার রুটির দেয়ার পর থেকে প্রতিষ্ঠানে শিক্ষার্থীর উপস্থিতি কিছুটা হ্রাস পেয়েছে। মাল্টিমিডিয়া ক্লাস চলমান রয়েছে। গত মাসে উপজেলা পর্যায়ে বঙ্গবন্ধু সৃজনশীল মেধা অন্বেষণ প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়েছিল। উক্ত প্রতিযোগিতার মাধ্যমে শ্রেষ্ঠ নির্বাচিত দুই জন প্রতিযোগী জাতীয় পর্যায়ে শ্রেষ্ঠ নির্বাচিত হয়েছে। এটা নিসন্দেহে রাজবাড়ী জেলার জন্য গর্বের। এই মাসে আমরা উপজেলা পর্যায়ে জাতীয় শিক্ষা সপ্তাহের বিভিন্ন প্রতিযোগিতা করেছি। আমরা প্রত্যাশা করছি এখানেও আমরা জাতীয় পর্যায়ে সাফল্য পাব ইনশাল্লাহ। ১৯৮৭০ জন মেয়ে শিক্ষার্থীর জন্য ২,৩৮,৪৪০ টি ফলিক এসিড পাওয়া গিয়েছে। স্বল্পতম সময়ের মধ্যে এই ট্যাবলেট শিক্ষার্থীদের মধ্যে বিতরণ করা হবে। | কার্যক্রম পরিচালনার ধারাবাহিকতা অব্যাহত রাখতে হবে। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, রাজবাড়ী সদর, রাজবাড়ী। |

| | | | | |
|---|---|---|---|---|
| | উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগ | অনলাইনে এ্যাপসের মাধ্যমে প্রতিষ্ঠান পরিদর্শন অব্যাহত আছে। কোন সমস্যা নেই। অন্যান্য নে অনলাইন শ্রেণি কার্যক্রম চলমান রয়েছে। সিআরভিএস ব্যবস্থার আলোকে শিক্ষার্থীদের ইউনিক আইডির কার্যক্রম ও অনলাইনে চলমান রয়েছে। যথাযোগ্য মর্যাদায় সকল প্রতিষ্ঠানে বাংলা নববর্ষ উদযাপন ও ঐতিহাসিক মুজিবনগর দিবস উপলক্ষে শিক্ষা প্রতিষ্ঠানে রচনা প্রতিযোগিতা ও আলোচনা সভার আয়োজন করা হয়েছে। অনলাইনে শিক্ষার্থীদের উপবৃত্তির কার্যক্রম চলমান রয়েছে। উপজেলা পর্যায়ের বঙ্গবন্ধু সৃজনশীল মেধা অন্বেষণ প্রতিযোগিতা সম্পন্ন হয়েছে। অন্যান্য কার্যক্রম যথারীতি চলছে। | | |
| ১৫ | উপজেলা জনস্বাস্থ্য বিভাগ | উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, রাজবাড়ী সদর, রাজবাড়ী সভায় বলেন যে, সমগ্রদেশে নিরাপদ পানি সরবরাহ প্রকল্পের ১ম পর্যায় ৩৬৪ টি নলকূপের মধ্যে ৩৬৪ টি সম্পূর্ণ হয়েছে। ২য় পর্যায়ে ৩৬৪ টি নলকূপের মধ্যে ২৫৫ টি সম্পূর্ণ হয়েছে। ৩য় পর্যায়ে ৩৬৪ টি নলকূপের মধ্যে ১২৮ টি সম্পূর্ণ হয়েছে। জি.পি.এন এবং এন.এন. জি.পি.এস প্রকল্পে ০৭ টি ওয়াশ ব্লকের কাজ চলমান আছে। পিইডিপি প্রকল্পে ১৮ টি ওয়াশব্লকের কাজ চলমান। এছাড়া বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | কার্যক্রম পরিচালনার ধারাবাহিকতা অব্যাহত রাখবেন। | উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, রাজবাড়ী সদর, রাজবাড়ী। |
| ১৬ | উপজেলা পল্লী উন্নয়ন বিভাগ | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, রাজবাড়ী সদর, রাজবাড়ী বলেন যে, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড (বিআরডিবি), রাজবাড়ী সদর উপজেলায় এডিপি ভূক্ত ০৩ (তিন) টি প্রকল্প চলমান রয়েছে। চলতি ২০২১-২০২২ অর্থ বছরে লক্ষ্যমাত্রা অনুযায়ী কার্যক্রম চলমান রয়েছে। তিনি সভাকে আরও অবহিত করেন যে, সোনালী ব্যাংক রাজবাড়ী উপজেলা কমপ্লেক্স শাখায় বিআরডিবি'র আওতাভূক্ত সমবায়ীদের শেয়ার সঞ্চয়ের টাকা স্থায়ী আমানত হিসাবে বিনিয়োগ করা হয়েছে। কিন্তু সোনালী ব্যাংক বর্ণিত স্থায়ী আমানতের উপর চুক্তিমূল্যের চেয়ে কম লাভ প্রদান করেছে। স্থায়ী আমানতের উপর প্রাপ্য প্রকৃ লাভের অর্থ প্রদান করার জন্য ব্যাংক বহুবার পত্র প্রদান করাসহ ব্যক্তিগতভাবে যোগাযোগ করা হলেও কোন সারা পাওয়া যাচ্ছে না। তিনি সমবায়ীদের ন্যায্য পাওনা আদায়ের বিষয়ে সভায় সহযোগীতা কামনা করেন। এছাড়া বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে। | কার্যক্রম পরিচালনার ধারাবাহিকতা অব্যাহত রাখবেন। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, রাজবাড়ী সদর, রাজবাড়ী। |
| ১৭ | উপজেলা দারিদ্র্য বিমোচন বিভাগ | উপজেলা দারিদ্র্য বিমোচন কর্মকর্তা, রাজবাড়ী সদর, রাজবাড়ী বলেন, তার বিভাগের মে/২০২২ মাসে ঋণ বিতরণ ২০.৭৭ লক্ষ টাকা, ঋণ আদায় ৩৩.৩৬ লক্ষ টাকা, সঞ্চয় আদায় ৪.২৩ লক্ষ টাকা, সদস্য ভর্তি ১৩ জন ও ঋণ আদায়ের হার ৯৮%। এছাড়া বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে। | কার্যক্রম পরিচালনার ধারাবাহিকতা অব্যাহত রাখবেন। | উপজেলা দারিদ্র্য বিমোচন কর্মকর্তা, রাজবাড়ী সদর, রাজবাড়ী। |
| ১৮ | পল্লী সঞ্চয় ব্যাংক | শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, রাজবাড়ী শাখা, রাজবাড়ী সদর, রাজবাড়ী সভায় জানান যে, মে/২০২২ মাসে ঋণ বিতরণ ১৭৫.৯৩ লক্ষ টাকা, ঋন আদায় ১৭৫.৯৩ লক্ষ টাকা, সঞ্চয় আদায় ৪.১৬ লক্ষ টাকা। এছাড়া অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে। | কার্যক্রম পরিচালনার ধারাবাহিকতা অব্যাহত রাখবেন। | শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, রাজবাড়ী শাখা, রাজবাড়ী সদর, রাজবাড়ী। |
| ১৯ | উপজেলা মহিলা বিষয়ক অধিদপ্তর | প্রোগ্রাম অফিসার, মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়, রাজবাড়ী বলেন যে, তার বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে। | কার্যক্রম পরিচালনার ধারাবাহিকতা অব্যাহত রাখবেন। | প্রোগ্রাম অফিসার, মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়, রাজবাড়ী। |

০৫। উপজেলা নির্বাহী অফিসার, রাজবাড়ী সদর বলেন যে, রাজবাড়ী সদর উপজেলার ১৪টি ইউনিয়নের বিভিন্ন স্থানে মশক নিধন কার্যক্রম পরিচালনা করা প্রয়োজন। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনান্তে রাজবাড়ী সদর উপজেলার ১৪টি ইউনিয়নের বিভিন্ন স্থানে মশক নিধন কার্যক্রম পরিচালনা বাবদ ১,৪০,০০০/-(এক লক্ষ চল্লিশ হাজার) টাকার প্রকল্প উপজেলা পষিদের রাজস্ব তহবিলের অর্থায়নে পিআইসি কমিটির মাধ্যমে বাস্তবায়নের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।

০৬। বিবিধ :

(ক) উপজেলা পরিষদের ব্যয় সংক্রান্ত :

গত মাসে উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে নিম্নরূপভাবে ব্যয় করা হয়েছে -

উপজেলা পরিষদের মালীর মে/২০২২ মাসের বেতন ভাতা বাবদ - ১৭,০৫০/- টাকা

উপজেলা পরিষদের পরিচ্ছন্নকর্মীর মে/২০২২ মাসের বেতন ভাতা বাবদ - ১৭,০৫০/- টাকা

উপজেলা পরিষদের নিম্নবর্ণিত কর্মচারীগণের চাকুরীকাল সন্তোষজনকভাবে পূর্তি হওয়ায় তাদের নামের পার্শ্বে বর্ণিত বেতনস্কেলে ১ উচ্চতর গ্রেড মঞ্জুর করা হলো :

| ক্র : নং | কর্মচারীর নাম ও পদবী | বর্তমান কর্মস্থল | চাকুরীতে যোগদানের তারিখ ও বেতন গ্রেড/স্কেল | ১০(দশ) বছর পূর্তির তারিখ | মঞ্জুরীকৃত উচ্চতর বেতন গ্রেড/স্কেল | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ০১ | জনাব শিল্পী খাতুন<br>সাঁট-মুদ্রাক্ষরিক-কাম- কম্পিউটার অপারেটের | উপজেলা পরিষদ রাজবাড়ী সদর রাজবাড়ী | ০৯.০৫.২০১২<br>১০২০০-২৪৬৮০<br>(গ্রেড-১৪) | ০৮.০৫.২০২২ | ১১০০০-২৬৫৯০ | |
| ০২ | জনাব মো: মজিবর রহমান মোল্লা<br>জীপগাড়ী চালক | ঐ | ১৮.০৪.২০১২<br>৯৩০০-২২৪৯০<br>(গ্রেড-১৬) | ১৭.০৪.২০২২ | ৯৭০০-২৩৪৯০ | |

সিদ্ধান্ত : রাজস্ব তহবিল খরচ সংক্রান্ত নীতিমালার আলোকে উক্ত বিল পরিশোধের বিষয়টি অনুমোদন করা হয়।
বাস্তবায়নে : উপজেলা নির্বাহী অফিসার, রাজবাড়ী সদর, রাজবাড়ী।

০৭। জনাব মোঃ জাকির হোসেন সরদার, চেয়ারম্যান, বসন্তপুর ইউনিয়ন পরিষদ, রাজবাড়ী সদর, রাজবাড়ী জানান যে, কোলার হাট বাজারে অল্প বৃষ্টিতেই জলাবদ্ধতা সৃষ্টি হয়। রাস্তার সংস্কার নামে প্রাক্তন চেয়ারম্যান রাস্তার ইট অন্যত্র নিয়ে গিয়েছে জানিয়ে প্রতিকারের অনুরোধ জানান। এ বিষয়ে তদন্তপূর্বক ব্যবস্থা গ্রহণের জন্য সভায় সিদ্ধান্ত গৃহীত।

০৮। জনাব মোঃ আব্দুর রব, চেয়ারম্যান, চন্দনী, ইউনিয়ন পরিষদ, রাজবাড়ী সদর, রাজবাড়ী বলেন যে, দৌলতদিয়া হতে কুষ্টিয়াগামী যানবাহনে বাস মালিক সমিতি ১০০/-(একশত) লেট ফাইন আদায় করায় বাস দ্রুত চালনায় দুর্ঘটনা ঘটে। এ বিষয়ে ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানান।

০৯। জনাব মোঃ নুর হোসেন ভূঁইয়া, চেয়ারম্যান, শহীদওহাবপুর ইউনিয়ন পরিষদ, রাজবাড়ী সদর, রাজবাড়ী বলেন যে, বয়স্কভাতা ভোগীর মৃত্যু হলে তা প্রতিস্থাপনের জন্য সমাজসেবা কর্মকর্তাকে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানের সুপারিশক্রমে করার জন্য অনুরোধ জানান। উপজেলা সমাজসেবা কর্মকর্তা সুপারিশ গ্রহণ করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।

১০। জনাব মোঃ রকিবুল হাসান পিয়াল, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, রাজবাড়ী সদর, রাজবাড়ী বলেন যে, সভায় উপস্থিত সকলের বক্তব্য কার্যবিবরনীতে অর্ন্তভূক্ত করা প্রয়োজন। তিনি যথাযথভাবে বক্তব্য লিপিবদ্ধের অনুরোধ জানান এবং সভায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানান।

সভায় রাজবাড়ী-১ আসনের মাননীয় জাতীয় সংসদ সদস্য ও সাবেক শিক্ষা প্রতিমন্ত্রী এবং উপজেলা পরিষদের উপদেষ্টা জনাব আলহাজ্ব কাজী কেরামত আলী মহোদয় উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানান। তিনি উপস্থিত সকলকে মাননীয় প্রধানমন্ত্রীকে দেশের উন্নয়ন কার্যক্রমে সার্বিক সহযোগিতা করার আহবান জানান। তিনি প্রতিফোটা জমি চাষের জন্য সকলের প্রতি আহবান জানান। শাক সবজি ও খাদ্য উৎপাদনের জন্যও অনুরোধ জানান।

সভাপতি বলেন যে, রাজবাড়ী-১ আসনের মাননীয় জাতীয় সংসদ সদস্য ও সাবেক শিক্ষা প্রতিমন্ত্রী এবং উপজেলা পরিষদের উপদেষ্টা জনাব আলহাজ্ব কাজী কেরামত আলী মহোদয় সভায় উপস্থিত থাকায় সভাকে গুরুত্ব বহন করেছে। তিনি সভায় উপস্থিত থাকলে নীতি নির্ধারক হিসেবে বিভিন্ন সিদ্ধান্ত বাস্তবায়ন সহজতর হয়। সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকল বিভাগীয় কর্মকর্তা এবং জনপ্রতিনিধিগণকে জনস্বার্থে নিজ নিজ ক্ষেত্রে নিষ্ঠা ও আন্তরিকতার সাথে কাজ করার আহবান জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোঃ ইমদাদুল হক বিশ্বাস)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
রাজবাড়ী সদর, রাজবাড়ী।
ও
সভাপতি
উপজেলা পরিষদ সভা।

স্মারক নং-০৫.৩০.৮২৭৬.০১৮.০০.০৭.০০২.২০২২- ৪৫৮(৫০) তারিখ : ২৫.০৫.২০২২ খ্রিঃ।

অনুলিপি : সদয় জ্ঞাতার্থে

০১। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

০২। মাননীয় জাতীয় সংসদ সদস্য, রাজবাড়ী-১ ও উপদেষ্টা, উপজেলা পরিষদ, রাজবাড়ী সদর, রাজবাড়ী।

০৩। জেলা প্রশাসক, রাজবাড়ী।

অনুলিপি : জ্ঞাতার্থে ও কার্যার্থে

০৪-৫০ । ............................................................

............................................................

রাজবাড়ী সদর, রাজবাড়ী।

উপজেলা নির্বাহী অফিসার
রাজবাড়ী সদর, রাজবাড়ী।